গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুড়ী, মৌলভীবাজার
www.juri.moulvibazar.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮৩৫.০০১.৩৭.০১৭.২৬.৭৮৯

তারিখ: ০৭ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী ১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে জুড়ী উপজেলায় ০৬ টি ইউনিয়নের তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিত করা হবে। আগ্রহী প্রার্থীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা হচ্ছে।

| ক্রম | পদের নাম | আবেদনের যোগ্যতা | অগ্রাধিকার মূলক বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | • ন্যুনতম এইচএসসি বা সমমান<br>• বয়স: ১৮-৪০বছর<br>• ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>• সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকার ভৌগলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান<br>• বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>• শারিরীকভাবে সক্ষম ও দুর্গম হাওর এলাকায় কাজ করতে সম্মত | • নারী প্রার্থী ৫০%<br>• স্নাতক/তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>• পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | • ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>• সরকারী/আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>• ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>• পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | • নির্ধারিত ফরমে আবেদনপত্র<br>• শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে<br>• দক্ষতা অভিজ্ঞতার সনদপত্র<br>• জাতীয় পরিচয়পত্র<br>• এক কপি ছবি |
| | সুপারভাইজার | • ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান<br>• বয়স: ২৫-৪৫বছর<br>• ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায় -৮০%+<br>• তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>• দল নেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | • প্রতিটি গণনা এলাকা শারিরীকভাবে পরিদর্শন<br>• প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>• সন্ধ্যার পর ওয়েবঅ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>• ট্যাবলেট চার্জ, ডেটা লিংক ও অ্যাপ আপডেট<br>• সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো | • ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>• সরকারী/আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>• ব্যবহারিক পরীক্ষায় ৮০%-এর নিচে নম্বর<br>• পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | • নির্ধারিত ফরমে আবেদনপত্র<br>• শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে<br>• দক্ষতা অভিজ্ঞতার সনদপত্র<br>• জাতীয় পরিচয়পত্র<br>• এক কপি ছবি |

| | | |
|---|---|---|
| আবেদন ফরম প্রাপ্তির স্থান | : | • উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী, মৌলভীবাজার এর ওয়েবসাইট: লিংক https://juri.moulvibazar.gov.bd/pages/notices<br>• উপজেলা সমাজসেবা কার্যালয়, জুড়ী, মৌলভীবাজার ও ওয়েবসাইট লিংক https://dss.juri.moulvibazar.gov.bd |
| আবেদন ফরম বিতরণের তারিখ | : | ২২ জুলাই ২০২৬ হতে ২৫ জুলাই ২০২৬ বিকাল ৩.০০ ঘটিকা |
| আবেদন ফরম দাখিলের স্থান ও তারিখ | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, জুড়ী, মৌলভীবাজার<br>২২ জুলাই, ২০২৬ থেকে ২৫ জুলাই ২০২৬ পর্যন্ত<br>প্রতিদিন সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত |
| পরীক্ষা গ্রহণের সম্ভাব্য তারিখ সময় ও স্থান | : | ২৬/০৭/২০২৬ তারিখ বেলা ১০.৩০ ঘটিকা<br>উপজেলা পরিষদ সভাকক্ষ, জুড়ী, মৌলভীবাজার |

Scanned with
MOBILE SCANNER

**শর্তাবলী:**

(১) তথ্য সংগ্রহকারী কর্তৃক শুমারি চলাকালীন নির্দেশনা মোতাবেক বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে;
(২) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘণ্টা তথ্য সংগ্রহ করতে হবে;
(৩) তথ্য-প্রযুক্তি (ট্যাবলেট/স্মার্টফোন-ওয়েব অ্যাপ্লিকেশন) ব্যবহারে দক্ষ হতে হবে;
(৪) তথ্য সংগ্রহের কাজে কোনো গাফিলতি করা যাবে না;
(৫) কোনোক্রমেই ভুল তথ্য বা পক্ষপাতমূলক তথ্য এন্ট্রি দেয়া যাবে না;
(৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক;
(৭) ট্যাবলেট সযত্নে সংরক্ষণ করতে হবে, অবহেলাজনিত কারণে ক্ষতি হয়েছে মর্মে প্রমাণিত হলে ক্ষতিপূরণ প্রযোজ্য;
(৮) কোনো পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেয়া বা ভয় দেখানো বা কোনো ধরনের বিনিময় (অর্থ, খাদ্য, উপহার গ্রহণ) সম্পূর্ণ নিষিদ্ধ;
(৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেয়া হবে;
(১০) তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণকে সরকার নির্ধারিত হারে প্রশিক্ষণ ভাতা ও সম্মানী প্রদান করা হবে;
(১১) রিজার্ভ তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহকারী হিসেবে মোতায়েন না হলে শুধু প্রশিক্ষণ ভাতা প্রযোজ্য;
(১২) রিজার্ভারদের নিজস্ব ট্যাবলেট প্রস্তুত থাকবে এবং প্রতি তিনদিন অন্তর উপজেলা/পৌরসভা কমিটিকে রিপোর্ট করতে হবে; এবং
(১৩) সরকার কর্তৃক জারিকৃত ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা, ২০২৬, ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ ও সময় সময় জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরণীয় হবে।

২২/০৭/২০২৬
মুশফিকীন নূর
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
জুড়ী, মৌলভীবাজার

স্মারক নং-৪১.০১.৫৮৩৫.০০০.৯১.১৬৬.২৬.৩৪

তারিখ: ০৭ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুলাই, ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৩৫, মৌলভীবাজার-০১
২. জেলা প্রশাসক, মৌলভীবাজার
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, জুড়ী, মৌলভীবাজার
৫. সহকারী কমিশনার (ভূমি), জুড়ী, মৌলভীবাজার
৬. অফিসার ইনচার্জ, জুড়ী থানা, মৌলভীবাজার
৭. সহকারী প্রোগ্রামার, জুড়ী, মৌলভীবাজার
৮. উপজেলা ............ কর্মকর্তা, জুড়ী, মৌলভীবাজার
৯. সদস্য ................ ফ্যামিলি কার্ড শুমারির তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, জুড়ী, মৌলভীবাজার
১০. চেয়ারম্যান ............ ইউপি (সকল), জুড়ী, মৌলভীবাজার
১১. সভাপতি/ সম্পাদক........................ (সকল প্রেসক্লাব) জুড়ী, মৌলভীবাজার। [প্রচারের অনুরোধসহ]
১২. অফিস কপি

২২/৭/২৬

আব্দুল্লাহ আল মাহমুদ চৌধুরী
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারি ২০২৬ স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি
জুড়ী, মৌলভীবাজার।

Scanned with MOBILE SCANNER